# আজ শেষ হচ্ছে মনোনয়ন আপিল জমার সময়সীমা




সংগৃহীত ছবি

মনোনয়ন নিয়ে আপিল করার সময় আজ শেষ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মনোনয়নপত্র বৈধ ও অবৈধ ঘোষণার বিরুদ্ধে আপিল জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হচ্ছে। রিটার্নিং কর্মকর্তাদের দেওয়া সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করার জন্য এটিই শেষ সুযোগ।

শুক্রবার (৯ জানুয়ারি) সকাল থেকেই বিভিন্ন জেলা ও আসন থেকে প্রার্থীরা নির্বাচন কমিশনে এসে আপিল দাখিল করছেন। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, গত চার দিনে মোট ৪৬৯টি আপিল আবেদন গ্রহণ করা হয়েছে। এর মধ্যে শেষ আগের দিনে জমা পড়ে ১৭৪টি আবেদন। এসব আবেদনের বেশিরভাগই মনোনয়ন বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে, যার সংখ্যা ১৬৪টি। আর মনোনয়ন গ্রহণের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে করা হয়েছে ১০টি আপিল। আজকের মধ্য দিয়ে আপিল গ্রহণের প্রক্রিয়া সম্পন্ন হবে।

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচি অনুযায়ী, ১০ জানুয়ারি থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত আপিলগুলোর শুনানি অনুষ্ঠিত হবে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন রাখা হয়েছে ২০ জানুয়ারি। এরপর ২১ জানুয়ারি চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পাশাপাশি প্রতীক বরাদ্দ দেওয়া হবে। নির্বাচনী প্রচারণা শুরু হবে ২২ জানুয়ারি।

LENS ASIA